গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.০০০.৯০০.৩১.০০০১.২৫.১৪৭৮/১

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩
১৩ জুলাই ২০২৬

**বিষয়: প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫-এর উত্তরপত্র পুনর্নিরীক্ষা।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫-এর ফলাফল প্রকাশিত হয়েছে। প্রকাশিত ফলাফলের পুনর্নিরীক্ষার জন্য কোনো অভিভাবককে নিম্নরূপ আবেদন করতে হবে:

০২। আবেদনের নিয়মাবলি:

(ক) উত্তরপত্র পুনর্নিরীক্ষার আবেদন গ্রহণ: ১৫ জুলাই, ২০২৬ হতে ২৩ জুলাই, ২০২৬ (অফিস চলাকালীন) পর্যন্ত;

(খ) অভিভাবক কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা বরাবর আবেদন করতে হবে। সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অনুকূলে ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) প্রতি বিষয়ের জন্য ৩০০/- (তিনশত) টাকা হারে জমা দিয়ে আবেদনের সঙ্গে ব্যাংক ড্রাফট, প্রবেশপত্র সংযুক্ত করতে হবে। আবেদনে ই-মেইল (যদি থাকে), মোবাইল ফোন নম্বর, হোয়াটসঅ্যাপ নম্বর দিতে হবে।

০৩। পুনর্নিরীক্ষার ফলাফল ই-মেইল/হোয়াটসঅ্যাপ/এসএমএর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

০৪। নিম্নলিখিত ছকে আগামী ২৬/০৭/২০২৬ তারিখে আবেদনকারীগণের তথ্য এ দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো:

**ছক**

| বিভাগ | জেলা | থানা/ উপজেলা | ক্রমিক নং | আবেদনকারীর নাম ও ঠিকানা | শিক্ষার্থীর নাম | রোল নম্বর | যে যে বিষয়ের উত্তরপত্র পুন:নিরীক্ষা করতে ইচ্ছুক |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |

মাহবুবা আইরিন
পরিচালক (প্রশাসন)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, সকল বিভাগ
(তার আওতাধীন সকল অফিস/প্রতিষ্ঠানকে অবহিতকরণের অনুরোধসহ)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২. সিস্টেম এনালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি।